



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
ওয়েবসাইট: [www.berc.org.bd](http://www.berc.org.bd)

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.১১.২৬২৮

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ  
৩১ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

**Saudi CP অনুযায়ী ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিগিজি)'র মূল্যহার নির্ধারণ/পুনঃনির্ধারণ করে ১২ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ এর অনুলিপি ৮.৬ এবং সৌদি আরামকো কর্তৃক ঘোষিত আগস্ট ২০২১ মাসের Saudi Contract Price (Saudi CP) অনুযায়ী সেপ্টেম্বর ২০২১ মাসের জন্য অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে মূল্য নিম্নলিখিতভাবে সমন্বয় করা হলো:

**অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, সেপ্টেম্বর-২০২১  
(আগস্ট ২০২১ এর Saudi CP'র ভিত্তিতে)**

ক্রমিক নং	বিবরণ	সমন্বয়কৃত মূল্য (টাকা/লিটার <sup>১</sup> )
ক	১ Saudi Contract Price (Saudi CP) <sup>২</sup>	৩০.৯৯
	২ জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ <sup>৩</sup>	৪.৪৮
	৩ অন্যান্য চার্জ <sup>৩</sup>	০.৩০
	৪ ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)	৩৫.৭৭
খ	এলপিগিজি মজুতকরণ চার্জ <sup>৩</sup>	২.৬৩
গ	এলপিগিজি মজুতকরণ পরবর্তী মূল্য, কর-পূর্ব (ক৪+খ)	৩৮.৪০
ঘ	মুসক <sup>৪</sup>	২.৯১
ঙ	এলপিগিজি মজুতকরণ পরবর্তী মূল্য, কর-উত্তর (গ+ঘ)	৪১.৩১
চ	পরিবহন চার্জ <sup>৩</sup>	১.২৫
ছ	স্টেশন চার্জ <sup>৩</sup>	৮.০০
জ	ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার (প্রতি লিটার) (ঙ+চ+ছ)	৫০.৫৬

<sup>১</sup> প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিগিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিগিজি = ১.৮০০২ লিটার এলপিগিজি বিবেচনায়।

<sup>২</sup> আগস্ট ২০২১ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৬৬০ মার্কিন ডলার এবং ৬৫৫ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৬৫৬.৭৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ৮৪.৯৫ টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

<sup>৩</sup> ২৯ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/ ১২ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ অনুযায়ী।

<sup>৪</sup> এনবিআর এর সাধারণ আদেশ নং-০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ে ২% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৭ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/ ০১ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে

রুবিনা খেরদোসী

সচিব, বিইআরসি।

ফোন: ০২-৫৫০১৪০০৭